গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান

ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারক নং -২৯.৩৫.০৩০০.০০৩.৪৩.০২৩.২৪. ১৫৯৬ — তারিখ : ১০/০৯/২০২৫ খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৮.১১.০১৫.১৯.৩৬২,তাং- ০৩/০৮/২০২৫ খ্রি. এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ২৯.০০.০০০০.২১৪.০১৭.৬১.৯৯. (অংশ-১) ৬০, তাং- ১০/০৮/২০২৫ খ্রিঃ মূলে ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ন্যস্ত জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন বিভিন্ন উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শুন্য পদে এবং জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইডিপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট সহকারী শিক্ষক পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/ মহিলাদের) নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

| ক্র: নং | পদের নাম | গ্রেড (জাঃ বেঃ স্কেল: ২০১৫ অনুযায়ী) | শূন্যপদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী শিক্ষক | ১১০০০-২৬৫৯০/- ১৩ তম | ১। রাজস্ব খাতভূক্ত :৪০<br>২। প্রাক-প্রাথমিক :০২ | অনূর্ধ্ব-৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক ( সম্মান) বা সমমানের ডিগ্রি। |

**শর্তাবলী:-**

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাইট : **www.bhdc.gov.bd** -তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় "অনলাইন চাকরি আবেদন" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে online এর মাধ্যমে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ০৯/১০/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন দাখিল শুরুর তারিখ ১৪/০৯/২০২৫ খ্রি.। লিখিত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১.১। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel /5 x 5 সে:মি: এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

১.২। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID -সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

১.৩। আবেদন Submit করার ৭২ ঘন্টার মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের সহকারী শিক্ষক পদের জন্য পরীক্ষা ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা সার্ভিস চার্জ সহ অফেরৎযোগ্য নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়া না হলে কোন অবস্থাতেই আবেদনপত্র গৃহিত হবে না। NID ও Mobile number দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে আবেদন পুনঃরুদ্ধার করতে পারবে।

১.৪। **বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রদানের প্রক্রিয়া :**

১ম ধাপ : **www.bhdc.gov.bd** -তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় "অনলাইন চাকরি আবেদন" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে পেইজের **ফি পেমেন্ট অপশনে** গিয়ে আপনার আবেদন নং দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন।

২য় ধাপ : মোবাইল (বিকাশ) নম্বর দিন।

৩য় ধাপ : মোবাইল (বিকাশ) নম্বরে প্রাপ্ত ভেরিফিকেশন নম্বর দিন।

৪র্থ ধাপ : আপনার বিকাশ পিন দিন এবং কনফার্ম করুন।

বিকাশ থেকে প্রাপ্ত SMSটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

০২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

০৩। অসত্য/ভুঁয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরোকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুঁয়া তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া আবেদনে নিজ জেলা, থানা/উপজেলা/লিঙ্গ (পুরুষ/মহিলা) ভুল করলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৮ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত অধ্যাদেশ নং ১১,২০২৪ খ্রি. মোতাবেক প্রার্থীর বয়সসীমা ০৯/১০/২০২৫ খ্রিস্টাব্দে অনূর্ধ্ব ৩২ বছরের মধ্যে হতে হবে

০৫। সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন কপি দাখিল করতে হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদপত্রাদি (মূলকপি এবং একসেট সত্যায়িত ফটোকপি) দাখিল করতে হবেঃ

(ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) পৌরসভা/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (ঙ) কোটার প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদ (চ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র (ছ) জাতীয় পরিচয়পত্র এবং (জ) জন্ম নিবন্ধন সনদ। **বি: দ্রষ্টব্য:** সকল সনদপত্র (ফটোকপি) অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (৯ম/তদূর্দ্ধ গ্রেডের গেজেটেড কর্মকর্তা) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।

০৮। আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ে যাদের আবেদপত্র সঠিক বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহনের জন্য যথাসময়ে ইন্টারভিউ কার্ড ডাউনলোড করার লক্ষ্যে মোবাইল মেসেজ দেয়া হবে। তাই প্রার্থীগণকে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। অত:পর সংশ্লিষ্ট প্রার্থীগণকে Application ID এবং মোবাইল নং ব্যবহার করে নিজ উদ্যোগে স্ব-স্ব ইন্টারভিউ কার্ড ডাউনলোড/রঙিন কপি প্রিন্ট করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯। লিখিত পরীক্ষার তারিখ ও সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন , সংযোজন, বিয়াজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তেই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১ । নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না। কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(অধ্যাপক থানজামা লুসাই)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
জেলা প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং -২৯.৩৫.০৩০০.০০৩.৪৩.০২৩.২৪.২৫৯৩ তারিখ :১০০৯/২০২৫ খ্রি.

<u>অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>-

০১। মাননীয় উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
০৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪ । মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫ । জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
০৬ ।পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
০৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৮। ........................................................................................................................
০৯ । উপজেলা প্রশাসক, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান
১০। উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান
১১| হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান
১২। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩। সম্পাদক/জেলা প্রতিনিধি, ...................................................................... (বিজ্ঞপ্তির অনুলিপি অংশবাদে আগামী ১৪/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২ (দুই) টি কপি এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার অনুরোধসহ)। (৩ কলামে ১২ ইঞ্চি সাইজে)
১৪। অফিস কপি/ নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১০/০৯/২৫
(মোঃ মোফাজ্জল হোসেন খান)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বান্দরবান পার্বত্য জেলা
ও
সদস্য সচিব
জেলা প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি
বান্দরবান পার্বত্য জেলা।